



রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
www.rpgcl.org.bd
প্রশাসন ডিভিশন

নম্বর: ২৮.১৯.০০০০.৩০৩.১৮.০০৪.২১.১২৭

৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৬ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

সরকারি আদেশ অনুযায়ী বর্তমানে অফিসের সময়সূচি সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত নির্ধারিত আছে। এ সময়সূচি অনুযায়ী সকল কর্মকর্তা-কর্মচারীকে নির্ধারিত সময়ে (রোস্টার ডিউটি ব্যতীত) অফিসে আগমন, অবস্থান ও প্রস্থান করতে হয়।

২। কোম্পানির কর্মপরিবেশ উন্নয়ন, কাজে গতিশীলতা বৃদ্ধি, স্বচ্ছতা, জবাবদিহি এবং কর্মকর্তা-কর্মচারীগণের যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিতকরণে প্রধান কার্যালয়ের প্রবেশদ্বারে স্থাপিত অ্যাক্সেস কন্ট্রোল সিস্টেম চালু রয়েছে। অ্যাক্সেস কন্ট্রোল সিস্টেম ব্যবহার করে যথাসময়ে অফিসে প্রবেশের নির্দেশনা থাকা সত্ত্বেও ইদানীং কোনো কোনো কর্মকর্তা-কর্মচারী এটি ব্যবহার করছেন না মর্মে পরিলক্ষিত হচ্ছে। এছাড়া, কেউ কেউ যথাসময়ে অফিসে আগমন করছেন না কিংবা অফিসে এসেও দাপ্তরিক প্রয়োজন ব্যতীত বিনা অনুমতিতে কারও কারও কর্মস্থল ত্যাগের প্রবণতা দেখা যাচ্ছে, যা অফিস শৃঙ্খলার পরিপন্থি।

৩। উপরিউক্ত প্রেক্ষাপটে সকল কর্মকর্তা-কর্মচারীকে এখন থেকে আবশ্যিকভাবে অ্যাক্সেস কন্ট্রোল সিস্টেম ব্যবহার করে যথাসময়ে অফিসে প্রবেশ করতে হবে। একইসঙ্গে সংশ্লিষ্ট ডিভিশনে রক্ষিত হাজিরা খাতায় স্বাক্ষর করতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে কোনো কর্মকর্তা-কর্মচারী নিজ কর্মে অনুপস্থিত থাকতে পারবেন না। তবে, বিশেষ প্রয়োজনে অফিস সময়ে বাইরে যেতে হলে স্বল্পমেয়াদের ছুটি গ্রহণ করতে হবে। বর্ণিত নির্দেশনা ব্যত্যয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট প্রধানগণ যথারীতি প্রমাণকসহ প্রশাসন ডিভিশনকে অবহিত করবেন।

৪। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, পেট্রোবাংলার অফিস আদেশ নম্বর ২৮.০২.০০০০.০১১.৩৪.০০৪.১৯.৪১৭, তারিখ: ০৫ ডিসেম্বর ২০২৩ অনুসরণে (কপি সংযুক্ত) কোম্পানির কোনো কর্মকর্তা-কর্মচারী সংশ্লিষ্ট শর্তাদি যথাযথভাবে পরিপালন না করলে তাঁকে এক্সগ্রেসিয়া/বোনাস/সম্মানি প্রদান করা সম্ভব হবে না। বিষয়টি নিবিড়ভাবে নিয়মিত মনিটরিং করা হবে।

৫। কোম্পানির অফিস আদেশ নম্বর ২৮.১৯.০০০০.৩০৩.১৮.০০৪.২১.২৫, তারিখ: ১৬ জানুয়ারি ২০২৪ এর অনুবৃত্তিক্রমে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(স্বাক্ষর)

১৬-০৪-২০২৪
মোঃ জাভেদ ইবনে শাহেদ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
+৮৮০২৮৯০০১৩৬
gmadmin@rpgcl.org.bd

নম্বর: ২৮.১৯.০০০০.৩০৩.১৮.০০৪.২১.১২৭/১ (৮)

৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৬ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল, ঢাকা;
- ২। উপমহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল;
- ৩। স্থাপনা প্রধান/ইনচার্জ, আরপিজিসিএল;
- ৪। ব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল;

৫। ব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড;

৬। উপব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল;

৭। সহকারী ব্যবস্থাপক/সহকারী প্রকৌশলী (সকল), আরপিজিসিএল এবং

৮। সহকারী কর্মকর্তা/উপসহকারী প্রকৌশলী (সকল), আরপিজিসিএল।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

১৬-০৪-২০২৪

শামীম আহমেদ খান
ব্যবস্থাপক (পার্সোনেল)